# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০

১/ বিবিধ

আরবী

يا حميراء من أعطى نارا فكأنما تصدق بجميع ما نضجت تلك النار، ومن أعطى ملحا فكأنما تصدق بجميع ما طيب ذلك الملح، ومن سقى مسلما شربة من ماء حيث يوجد الماء فكأنما أعتق رقبة، ومن سقى مسلما شربة من ماء حيث لا يوجد، فكأنما أحياها

ضعيف

أخرجه ابن ماجه (2 / 92) من طريق علي بن غراب عن زهير بن مرزوق عن على بن زيد ابن جدعان عن سعيد بن المسيب عن عائشة أنها قالت: يا رسول الله ما الشيء الذي لا يحل منعه؟ قال: " الماء والملح والنار "، قالت: قلت: يا رسول الله هذا الماء قد عرفناه فما بال الملح والنار؟ قال: " يا حميراء ... " وهذا سند ضعيف، علي بن غراب مدلس، وقد عنعنه، وزهير بن مرزوق قال ابن معين: لا أعرفه، وقال البخاري: منكر الحديث، مجهول، وساق له الذهبي هذا الحديث، وعلي بن زيد بن جدعان فيه ضعف، والحديث رواه الطبراني في " الأوسط " من طريق ابن زهير هذا كما في " المجمع " (3 / 133)

وأورده ابن الجوزي في " الموضوعات " (2 / 170) الشطر الثاني منه من طريق أخرى عن عائشة وقال: قال ابن عدي: موضوع آفته أحمد بن محمد بن علي بن الحسين بن شفيق، فتعقبه السيوطي في " اللآلىء " (2 / 85) بطريق ابن ماجه هذه وليس فيها أحمد هذا وأورده من حديث أنس وأعله بصالح بن بيان، قال الدارقطني:

متروك وأقره السيوطي
قلت: وقد وجدت للحديث طريقا ثالثا أخرجه الحافظ ابن عساكر في " تاريخ دمشق " (2 / 153) من طريق عبيد بن واقد عن عرضي بن زياد السدوسي عن شيخ من عبد قيس عن عائشة مرفوعا
قلت: وهذا سند ضعيف أيضا، عبيد ضعيف وعرضي بن زياد لم أجد من ترجمه، وشيخه مجهول لم يسم

বাংলা

১২০। হে হুমাইরা (আয়িশা)! যে ব্যাক্তি (অন্যকে) আগুন দান করল, সে যেন সা’দকাহ করল সেই সব বস্তু যেগুলোকে সে আগুন পাকিয়েছে। যে ব্যাক্তি (অন্যকে) লবন দান করল সে যেন সা’দকা করল সেই সব বস্তুকে লবন যেগুলোকে পবিত্র করেছে। যে ব্যাক্তি কোন মুসলিম ব্যাক্তিকে তার নিকট প্রাপ্ত পানি পান করালো, সে যেন একটি দাসী মুক্ত (স্বাধীন) করল। আর যে ব্যাক্তি কোন মুসলিম ব্যাক্তিকে পানি পান করালো এমতাবস্থায় যে, তা ছিল দুষ্প্রাপ্য, সে যেন তাকে জীবন দান করলো।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু মাজাহ (২/৯২) আলী ইবনু গোরাব সূত্রে যুহায়ের ইবনু মারযূক হতে, তিনি আলী ইবনু যায়েদ হতে ... বর্ণনা করেছেন।

আলী ইবনু গোরাব মুদাল্লিস। যুহায়ের ইবনু মারযুক সম্পর্কে ইবনু মা’ঈন বলেনঃ তাকে চিনি না। বুখারী তার সম্পর্কে বলেনঃ منكر الحديث، مجهول তিনি মুনকারুল হাদীস, মাজহুল। আলী ইবনু যায়েদের মধ্যে দুর্বলতা রয়েছে। ইবনুল জাওযী হাদীসটির দ্বিতীয়াংশ অন্য এক সনদে “আল-মাওযুআত” গ্রন্থে (২/১৭০) উল্লেখ করে বলেছেনঃ ইবনু আদী বলেছেনঃ এটি জাল। কারণ বর্ণনাকারী আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনু আলী হচ্ছে তার সমস্যা।

আমি (আলবানী) বলছিঃ এটির তৃতীয় সূত্রও পেয়েছি যেটি ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" (২/১৫৩) গ্রন্থে উল্লেখ করেছেন। কিন্তু এটির সূত্রও একাধিক সমস্যা জর্জরিত যার জন্য সনদটি দুর্বল।

১। বর্ণনাকারী ওবায়েদ ইবনু ওয়াকেদ হচ্ছেন দুর্বল।

২। আরজী ইবনুযিয়াদের জীবনী মিলছে না।

৩। তার শাইখ আব্দু কাইস মাজহুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5381

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন